



বঙ্গীয় সঙ্গীত পরিষদ

২/১, ২এ, ২৬৭, পঞ্চাননতলা রোড, হাওড়া-৭১১ ১০১

পশ্চিমবঙ্গ

দূরাভাষ : (০৩৩) ২৬৪১-৫৩৪১

পরিষদের সকল কেন্দ্রাধ্যক্ষ/কেন্দ্রাধ্যক্ষা এবং পরিষদ নির্ধারিত পরীক্ষকগণের প্রতি বিশেষ আবেদন

২০১৯-২০ পরীক্ষাবর্ষে ভারতবর্ষ তথা পৃথিবী জুড়ে প্রাকৃতিক বিপর্যয়ে (COVID-19) দেশ এবং দেশের মানুষ ভীষণভাবে বিপর্যস্ত। এমত অবস্থায় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে বঙ্গীয় সঙ্গীত পরিষদের পরীক্ষা ব্যবস্থাও বিঘ্নিত হয়েছে। সেই মর্মে বর্তমান (২০১৯-২০) পরীক্ষা বর্ষের জন্য কেন্দ্রাধ্যক্ষ এবং পরীক্ষক মণ্ডলীর কাছে কয়েকটি বিশেষ আবেদন রাখা হচ্ছে। সেই সঙ্গে তা মেনে চলতে বিশেষভাবে জানানো হচ্ছে। এই নির্দেশনামা মূলত (২০১৯-২০) করোনা কালের জন্য প্রযোজ্য জানবেন।

- ১। পরীক্ষকগণের নিয়োগপত্র ডাকযোগে পাঠানোর কাজ অব্যাহত আছে—যদি কোন পরীক্ষক উক্ত নিয়োগপত্র না পেয়ে থাকেন তবে, সত্ত্বর পরিষদ দপ্তরে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানানো হচ্ছে।
- ২। পরীক্ষক, পরীক্ষাকেন্দ্রের খুব বেশী দূর থেকে নিয়োগ করা হবে না। উক্ত সিদ্ধান্ত গ্রহণের কারণ, দূর থেকে আসা পরীক্ষকের আসা-যাওয়া সমস্যা হতে পারে। অকারণ সময় এবং দিন নষ্ট হতে পারে।
- ৩। Video Conference -এর মাধ্যমে পরীক্ষা ব্যবস্থা, পরীক্ষক এবং কেন্দ্রাধ্যক্ষের মধ্যে আলোচনা করে স্থির করতে পারবেন।
- ৪। সরকারি বিধিনিষেধ (COVID-19) প্রসঙ্গে - যেমন - সামাজিক দূরত্ব (৬ ফুট) বজায় রাখা / মুখে মাক্স থাকা/ স্যানিটাইজার ব্যবস্থা রাখা/ একসঙ্গে দশজনের বেশী জমায়েত না করা ইত্যাদি বিষয়গুলি কেন্দ্রাধ্যক্ষের সঙ্গে আলোচনা করে পরীক্ষক নির্দিষ্ট করতে পারবেন।
- ৫। যদি এক বা কয়েকজন পরীক্ষার্থী বিশেষ কোন কারণে পরীক্ষা দিতে না আসতে পারে - সেক্ষেত্রে যথাযথ কারণ পরীক্ষককে জানাতে হবে - পরীক্ষক সেক্ষেত্রে কেন্দ্রাধ্যক্ষের সঙ্গে আলোচনা করে উক্ত পরীক্ষার্থীদের বিষয়ে সহানুভূতি পূর্বক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এই বিষয়টি কেবল মাত্র বর্তমান বছরের জন্য প্রযোজ্য। এই মর্মে আদ্য থেকে প্রথমবর্ষ পর্যন্ত অনুমোদন দেওয়া হল।
- ৬। নৃত্যের পরীক্ষার ক্ষেত্রে একসঙ্গে ৫জন পরীক্ষার্থীর পরীক্ষা নেওয়া যেতে পারে— কিন্তু সেক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখা বাঞ্ছনীয়।
- ৭। অঙ্কন পরীক্ষার ক্ষেত্রেও একসঙ্গে দশজন পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা যাবে— দশজন করে কয়েকটি ভাগে বিভক্ত করে ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণ করতে জানানো হচ্ছে— প্রতিভাগের, সময় এবং বিষয় পরীক্ষক নির্ধারণ করবেন।
- ৮। পরীক্ষা গ্রহণ সম্পন্ন হওয়ার সাথে সাথে পরীক্ষক পরীক্ষার অঙ্কতালিকা (Result Sheet) পরিষদের দপ্তরে পাঠাতে জানানো হচ্ছে, কোন ভাবেই অকারণে দেবী করা যাবে না জানবেন। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।।

শুভেচ্ছাসহ

নমস্কারান্তে

বঙ্গীয় সঙ্গীত পরিষদের কার্যপরিচালন কমিটির সদস্যবৃন্দ

বিঃ দ্রঃ—আশাকরি উপরিউক্ত বিষয়গুলি আপনাদের সহযোগীতা পূর্বের ন্যায় থাকবে। ঈশ্বরের কাছে প্রার্থনা জানাই, এই সঙ্কট থেকে শীঘ্রই মুক্তি লাভ করুক এবং মানুষের জীবন পুনরায় স্বাভাবিক ছন্দে ফিরে আসুক। উক্ত মহামারীতে মৃত মানুষজনের প্রতি পরিষদের শ্রদ্ধার্থ্য রইল।